## 145952 - দোয়া ও যিকির একটির সাথে অন্যটি মিলিয়ে পড়তে কোন বাধা নেই

### প্রশ্ন

আরবীতে দোয়া করা, এক দোয়াকে অপর দোয়ার সাথে মিলিয়ে পড়া, দোয়াকে তাসবীহ ও তাহমীদের মত করে পড়া কি জায়েয; যেমন: সুবহানাল্লাহি ওয়াবি হামদিহি, আদাদা খালক্বিহি, ওয়া রিযা নাফসিহি, ওয়া যিনাতা আরশিহি, ওয়া মিদাদা কালিমাতিহি’ এরপর ‘সুবহানাল্লাহি ওয়াবি হামদিহি সুবহানাল্লাহিল আযীম’ এরপর অন্য কোন দোয়া এভাবে পড়া?

### প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

কোন মুসলিম বান্দা তার প্রভুকে এ ধরণের কথাগুলোর একটির সাথে অপরটিকে মিলিয়ে পড়তে কোন আপত্তি নেই। সেটা নিম্নোক্ত কারণে:

দোয়ার বাক্যগুলোকে মিলিয়ে যিকির করলে সেটা শরয়ি যিকিরের বহির্ভুত হবে না; যতক্ষণ পর্যন্ত এ বাক্যগুলোর মধ্যে কেবল শরয়ি কথামালা অন্তর্ভুক্ত থাকে। বরং মুস্তাহাব ও মানদুবের গণ্ডিতে থাকবে।

খুব সম্ভব আল্লাহ্‌ তাআলার বাণী: يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اذْكُرُوا اللَّهَ ذِكْرًا كَثِيرًا (ওহে যারা ঈমান এনেছে তোমরা আল্লাহ্‌কে অধিক স্মরণ কর।)[সূরা আহযাব, আয়াত: ৪১] এর মধ্যে এটি জায়েয হওয়ার দিকে ইঙ্গিত রয়েছে। যেহেতু অধিক যিকিরের দাবী হচ্ছে যিকিরকারী একাধিক বাক্য ও কথামালাকে মিলিয়ে পড়া।

আল্লাহ্‌ই সর্বজ্ঞ।